শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# গাজীপুর সিটি কর্পোরেশন
## নগর ভবন
### প্রশাসন শাখা
gcc.gov.bd

স্মারক নং-৪৬.১৯.০০০০.০০৪.১৯.০০১.২০-৫৬৫ তারিখঃ ২৪/০২/২০২১..খ্রিঃ

**গাজীপুর সিটি কর্পোরেশনের ২৪.০২.২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পরিষদের ২২তম মাসিক সভার কার্যবিবরণী ঃ-**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম<br>মেয়র, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর। |
| সভার স্থান | ঃ | সম্মেলন কক্ষ, গাজীপুর সিটি কর্পোরেশন। |
| সভার তারিখ | ঃ | ২৪.০২.২০২১খ্রিঃ, রোজ বুধবার। |
| সভার সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা। |

**সভায় উপস্থিত/অনুপস্থিত কাউন্সিলরবৃন্দের নামের তালিকা ঃ পরিশিষ্ট "ক"**

পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ আমিনুল ইসলাম ভার্চুয়াল সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর আলোচ্য সূচীর আলোকে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয় ঃ-

**আলোচ্যসূচী -০১ ঃ বিগত মাসিক সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।**

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০১. | সভার সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মো: আমিনুল ইসলাম ভার্চুয়াল সভায় বিগত মাসিক সভার কার্যবিবরণী পড়ে শুনান। | বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে উহা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | সচিব<br>গাজীপুর সিটি কর্পোরেশন |

**আলোচ্যসূচী -০২ ঃ চলমান বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের বিষয়ে আলোচনা ঃ-**

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০২ | ২। মাননীয় মেয়র মহোদয় উন্নয়নমূলক কার্যক্রমের সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকদেরকে তাদের প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন।<br><br>**২(১) "গাজীপুর সিটি কর্পোরেশনের ভৌত অবকাঠামো উন্নয়ন (রাস্তা ও ড্রেন)" শীর্ষক প্রকল্প (ডিপিপি-৭০০.৬০ কোটি) ।**<br><br>"গাজীপুর সিটি কর্পোরেশনের ভৌত অবকাঠামো উন্নয়ন (রাস্তা ও ড্রেন)" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পটি ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থ বৎসর মেয়াদী অর্থাৎ ২০২১ এর জুন মাসে প্রকল্পটি সমাপ্তির জন্য নির্ধারিত আছে। কিন্তু কোভিড-১৯ এর কারণে গত এক বৎসর প্রকল্পের অগ্রগতি মন্থর হয়। অন্য দিকে প্রকল্পটি অর্থবৎসর শুরু হওয়ার প্রায় ৬মাস পর অনুমোদন পাওয়া যায়। | ২(১) প্রকল্প কাজ সুষ্ঠ ভাবে বাস্তবায়নের স্বার্থে সময় বৃদ্ধির বিষয়ে সর্ব সম্মত অনুমোদন দেয়া হলো।<br><br>২(২) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে সভায় গৃহিত উপ-প্রকল্পটি "গাজীপুর সিটি কর্পোরেশনের ভৌত অবকাঠামো উন্নয়ন (রাস্তা ও ড্রেন)" শীর্ষক প্রকল্পে অন্তর্ভূক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>২(৩) "গাজীপুর সিটি কর্পোরেশনের ১-৫ নং জোনের রাস্তা, ড্রেন এবং ফুটপাত নির্মাণ" শীর্ষক প্রকল্পটি মেয়াদ জুন/২০২২ পর্যন্ত বৃদ্ধির সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | |

২(২) "গাজীপুর সিটি কর্পোরেশনের ১-৫ নং জোনের রাস্তা, ড্রেন এবং ফুটপাত নির্মাণ" শীর্ষক প্রকল্প (ডিপিপি-১৫১০)।

"গাজীপুর সিটি কর্পোরেশনের ১-৫ নং জোনের রাস্তা, ড্রেন এবং ফুটপাত নির্মাণ" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পটির মেয়াদ জুন/২০২১ এ সমাপ্তির জন্য নির্ধারিত আছে। কিন্তু কোভিড-১৯ এর কারণে এবং ১ম অর্থ বৎসর শুরু হওয়ার প্রায় ৭ মাস পর অনুমোদন হওয়ায় প্রকল্পটির বাস্তব অগ্রগতি প্রায় ৬২%। প্রকৃত পক্ষে প্রকল্প কাজটি সুষ্ঠ ভাবে বাস্তবায়ন করতে আরোও ১ বৎসর সময়ের প্রয়োজন হবে। অন্য দিকে Road Network সুন্দর ভাবে সম্পন্ন করা সহ ড্রেনগুলো সঠিক Outfall এ সংযোগ দেয়ার স্বার্থে প্রকল্পের আরো অতিরিক্ত ৩৯ কোটি টাকা বৃদ্ধি করা প্রয়োজন।

২(৩) "গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের প্রধান সংযোগ রাস্তাগুলি প্রশস্ত করণসহ নর্দমা ও ফুটপাত নির্মাণ" শীর্ষক প্রকল্পটির (ডিপিপি-৩৮২৮)।

"গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের প্রধান সংযোগ রাস্তাগুলি প্রশস্ত করণসহ নর্দমা ও ফুটপাত নির্মাণ" শীর্ষক প্রকল্প (ডিপিপি-৩৮২৮) এর জমি অধিগ্রহণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

মেয়র মহোদয় সভায় জানান যে, ৪টি প্যাকেজের জমি অধিগ্রহনের বিষয়টি ডিসি অফিসের ৭ ধারা জারির অপেক্ষায় আছে এবং অন্য ৯টি প্যাকেজের জমি অধিগ্রহনের অনুমোদনের বিষয়টি স্থানীয় সরকার বিভাগে অনুমোদনের অপেক্ষায় আছে।

গাজীপুর সিটি কর্পোরেশনের "Asphalt Plant স্থাপন" শীর্ষক প্রকল্পটির প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পটির মেয়াদ ডিসেম্বর/২০২১ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। ২টি প্যাকেজের টেন্ডারিং কার্যক্রম চলমান আছে এবং Asphalt Plant স্থাপনের কার্যক্রম চলমান আছে।

TAPP এর প্রকল্প পরিচালক সভায় জানান যে, DUET এর মাধ্যমে গাজীপুর সিটি কর্পোরেশনের সমন্বিত মাষ্টার প্ল্যান এর কাজটি চলমান আছে। ইতিমধ্যে প্রায় ২০% অগ্রগতি হয়েছে। আশা করা যাচ্ছে যে, যথাসময়ে প্রকল্পের কাজটি সম্পন্ন হবে।

২(৪) সিজিপি এর অগ্রগতি সম্পর্কে আলোচনা (JICA এর অর্থায়নে):

অতিরিক্ত প্রধান প্রকৌশলী CGP প্রকল্পের ব্যাচ-১ এবং ব্যাচ-২ এর মাধ্যমে গৃহিত উপ-প্রকল্পগুলির অগ্রগতির প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। প্রতিবেদনে দেখা যায় যে, ব্যাচ-১ এর মোট ১০টি উপ-প্রকল্পের বাস্তব অগ্রগতি ১০০% এবং অর্থনৈতিক অগ্রগতি দুইটি প্রকল্প বাদে বাকী প্রকল্প গুলোর ১০০%।

২(৪) "গাজীপুর সিটি কর্পোরেশনের ১-৫ নং জোনের রাস্তা, ড্রেন এবং ফুটপাত নির্মাণ" শীর্ষক প্রকল্পটির প্রয়োজনীয় উপ-প্রকল্পের Revised/Re-Cast প্রাক্কলনের সিদ্ধান্ত অনুমোদন দেয়া হলো।

২(৫) "গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের প্রধান সংযোগ রাস্তাগুলি প্রশস্ত করণসহ নর্দমা ও ফুটপাত নির্মাণ" শীর্ষক প্রকল্পটির জমি অধিগ্রহণের কাজটি তরান্বিত করার জন্য মাননীয় মেয়র মহোদয়/ প্রধান নির্বাহী কর্মকর্তা/ প্রকল্প পরিচালকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

২(৬) "গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের প্রধান সংযোগ রাস্তাগুলি প্রশস্ত করণসহ নর্দমা ও ফুটপাত নির্মাণ" শীর্ষক প্রকল্পে ইতিপূর্বে চুক্তি স্বাক্ষরিত ৪ টি প্যাকেজের সময় বৃদ্ধি করার জন্য সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

২(৭) "Asphalt Plant স্থাপন" শীর্ষক প্রকল্পটি কাজের অগ্রগতি বৃদ্ধি করার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহিত হয়।

২(৮) TAPP প্রকল্পটির প্রকল্প পরিচালককে কাজের অগ্রগতি বৃদ্ধি করার জন্য অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহিত হয়।

২(৪)(১)- পাকেজ নং- ICGP B2 GCC 01 অর্থাৎ ভানুয়া থেকে বনমালা রেল ক্রসিং পর্যন্ত রাস্তাটির হায়দারাবাদ ব্রীজ এর উত্তর পার্শ্ব থেকে বনমালা রেল ক্রসিং পর্যন্ত প্রায় ১০০০ মিটার রাস্তা ৬০'-০" প্রস্থে প্রায় ২১'-০" উচ্চতায় মাটি ও বালি দ্বারা নির্মাণ করার জন্য সিটি কর্পোরেশনের রাজস্ব/উন্নয়ন তহবিলের থোক বরাদ্দের অর্থায়নে টেন্ডারের মাধ্যমে বাস্তাবায়নের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হলো। উল্লেখ্য যে উপ-প্রকল্পটির প্রাক্কলিত মূল্য=৪,৯২,৮১,৬৩৩.০০ টাকা সভায় অনুমোদন করা হলো।

২(৪)(২) প্যাকেজ নং- ICGP B2 GCC 01 অর্থাৎ ভানুয়া থেকে জয়দেবপুর-ধীরাশ্রম-হায়দারাবাদ হয়ে বনমালা রেল ক্রসিং পর্যন্ত রাস্তার হায়দারাবাদ ব্রীজ থেকে বনমালা রেল ক্রসিং পর্যন্ত উপরের অংশ অর্থাৎ Hard Serface প্যাকেজ নং- ICGP B2 GCC 01 Re-cast করে বাস্তবায়নের জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহিত হলো।

অন্যদিকে ব্যাচ-২ এর উপ-প্রকল্পগুলির মধ্যে প্যাকেজন নং-০১, প্যাকেজন নং-০৬, প্যাকেজন নং-০৫, প্যাকেজন নং-০৪, প্যাকেজন নং-১২, প্যাকেজন নং-১৩ এবং অতিরিক্ত প্যাকেজ নং-১৭, প্যাকেজন নং-২১ এবং প্যাকেজন নং-২৩ এর অগ্রগতি সমানুপাতিক হয়নি।

মাননীয় মেয়র মহোদয় সভায় জানান যে, ব্যাচ-২ এবং প্যাকেজ নং- ICGP B2 GCC 01 অর্থাৎ ভানুয়া থেকে জয়দেবপুর-ধীরাশ্রম-হায়দরাবাদ হয়ে বনমালা রেল ক্রসিং রাস্তাটির হায়দরাবাদ থেকে বনমালা পর্যন্ত প্রায় ১০০০ মিটার রাস্তা রেল ওয়ের জমি দিয়ে ছিল। উক্ত জমি রেল ওয়ে তাদের ডাবল লাইন করার কারনে তাদের জমির পূর্ব সীমা দিয়ে বাউন্ডারী ওয়াল/রিটেইনিং ওয়াল নির্মান করে চলমান রাস্তা গত ২০.০৯.২০২০ তারিখ থেকে বন্ধ করে দেয়। রেল ওয়ের পূর্ব বাউন্ডারী ওয়ালের পূর্ব দিকে রেল লাইনের লেভেল থেকে প্রায় ২৫'-০" গর্ত/নীচু জমি এর জমিগুলো ব্যক্তি মালিকানাধীন। উক্ত জমি দিয়ে বনমালা পর্যন্ত রাস্তা করতে হলে একদিকে যেমন জমির মালিকদের অনুমতি/সিটি কর্পোরেশন কর্তৃক জমি ক্রয় করতে হবে অন্য দিকে প্রায় ৬০'-০" প্রস্থে এবং ২৫'-০" উচ্চতায় মাটি/বালি ভরাট করতে হবে।

মেয়র মহোদয় সভাকে আরো জানান যে, প্যাকেজ নং- ICGP B2 GCC 06 অর্থাৎ জয় বাংলা সড়কটি থেকে নীমতলী সংযোগ সড়কটি মাত্র ১২'-০" ফুট প্রস্থে বাস্তবায়ন করা হচ্ছে যাতে ২টি গাড়ী চলা সম্ভব নয় এবং অন্য দিকে প্রায় ৬০০ মিটার রাস্তা Flood Level থেকে প্রায় ১.৫ মিটার নীচু আছে। মেয়র মহোদয় আরো জানান যে, রাস্তাটি ৫০'-০" প্রস্থ করা প্রয়োজন এবং সেই আলোকে রাস্তার দুই পার্শ্ব থেকে জমির মালিকদের নিকট থেকে আলোচনা সাপেক্ষে জমি নিতে হবে অথবা সিটি কর্পোরেশন কর্তৃক ক্রয় করতে হবে। অন্য দিকে রাস্তার দুই পার্শ্বেই নীচু এলাকা বিধায় মাটি/বালি দ্বারা ভরাট করতে হবে। সংশ্লিষ্ট জোনের নির্বাহী প্রকৌশলী সভায় জানান যে, প্যাকেজ নং- ICGP B2 GCC 01 অর্থাৎ ভানুয়া থেকে জয়দেবপুর-ধীরাশ্রম-হায়দারাবাদ হয়ে বনমালা রেল ক্রসিং রাস্তাটির ঠিকাদার M/s. RAB RC (PVT.) & Dawn Corporation (JV) এর রাস্তাটির চুক্তিমূল্য = ৩২,৮৩,৪২,৮৫০.৭৬ টাকা। উক্ত ঠিকাদার গত ১৮.১২.২০১৯ তারিখের মধ্যে কাজটি হায়দারাবাদ ব্রীজ পর্যন্ত সর্ম্পূন্ন করেন। কিন্তু হায়দরাবাদ ব্রীজ থেকে বনমালা পর্যন্ত অবশিষ্ট কাজ এলাইনমেন্ট না থাকার কারণেই সম্পন্ন করতে পারেন নি। অন্য দিকে জয়-বাংলা সড়ক থেকে নিমতলী পর্যন্ত রাস্তাটি (প্যাকেজ নং- ICGP B2 GCC 06) ঠিকাদার মেকাডাম পর্যন্ত কাজ সম্পন্ন করেন। কিন্তু রাস্তাটি প্রশস্ত করার জন্য এবং প্রায় ৬০০ মিটার দৈর্ঘ্য উচু করার জন্য মাননীয় মেয়র মহোদয় উপ-প্রকল্পের কাজটি বন্ধ রাখেন।

২(৪)(৩) প্যাকেজ নং- ICGP B2 GCC 06 এর রাস্তা অর্থাৎ জয় বাংলা সড়ক থেকে নিমতলী পর্যন্ত রাস্তাটি দুই পার্শে (২০+২০)=৪০'-০" মাটি/বালি দিয়ে প্রশস্ত করার জন্য সিটি কর্পোরেশনে রাজস্ব/উন্নয়ন থোক বরাদ্দ থেকে বাস্তবায়নের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হলো।

২(৪) (৪) জয় বাংলা সড়ক থেকে নিমতলী পর্যন্ত রাস্তাটির উপরের Hard Serface ২০'-০" প্রস্থ করে প্যাকেজ নং- ICGP B2 GCC 06 Revised/Re-cast এর মাধ্যমে বাস্তবায়ন করার জন্য প্রকল্প পরিচাককে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহিত হয়।

২(৪)(৫) সিজিপি প্রকল্পের মেয়াদ বৃদ্ধি সাপেক্ষে ব্যাচ-২ এর অতিরিক্ত প্যাকেজ অর্থাৎ প্যাকেজ ১৫-২৫ নং প্যাকেজের কাজগুলি আবশ্যিকভাবে জুলাই/আগষ্ট মাসের মধ্যে সমাপ্ত করার জন্য সিদ্ধান্ত গৃহিত হলো।

২(৪)(৬) সিজিপি প্রকল্পের ব্যাচ-২ এর মূল প্যাকেজের কাজ জুন/২০২১ এর মধ্যে সমাপ্ত করার জন্য সিদ্ধান্ত গৃহিত হলো। তবে সাইট সংক্রান্ত জটিলতা বিষয়ক উপ-প্রকল্পগুলি শর্ত সাপেক্ষে সময় দেয়া যাবে।

২(৫) (১) সিআরডিপি-২ প্রকল্পের ২টি প্যাকেজের কাজের অগ্রগতি বৃদ্ধি করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

নির্বাহী প্রকৌশলী সভায় আরো জানান যে, সিজিপি প্রকল্পটি আগামী জুনে সমাপ্তির জন্য নির্ধারিত আছে। ভানুয়া থেকে বনমালা পর্যন্ত রাস্তাটির হায়দারাবাদ থেকে বনমালা পর্যন্ত প্রায় ১ কিলোমিটার রাস্তার কোন এলাইনমেন্ট নাই। মাননীয় মেয়র মহোদয় সভায় জানান যে, হায়দারাবাদ থেকে বনমালা পর্যন্ত প্রায় ১ কিলোমিটার রাস্তা যেহেতু রাস্তাটি জয়দেবপুর -টংগী রাস্তার একটি বিকল্প জনগুরুত্বপূর্ন সংযোগ রাস্তা এবং উক্ত রাস্তাটি জয়দেবপুর-ঢাকার একটি বিকল্প রাস্তা হিসাবে ব্যবহৃত হবে সেহেতু উক্ত রাস্তার এলাইনমেন্ট বরাবরে জমির মালিকের সাথে আলোচনার মাধ্যমে/ক্রয়ের মাধ্যমে ৩১০০'-০"X৬০'-০"X২১'-০" পরিমাপের মাটি ও বালি দিয়ে একটি রাস্তা সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে/সরকারী থোক বরাদ্দের মাধ্যমে জনগুরুত্বপূর্ন রাস্তাটি বাস্তবায়ন করা যায়। অন্য দিকে রাস্তাটির উপরের অংশ সিজিপি এর প্যাকেজ নং- ICGP B2 GCC 01 এর মাধ্যমে Re-cast করে বাস্তবায়ন করা যায়।

মেয়র মহোদয় আরো জানান যে, জয় বাংলা থেকে নিমতলী রাস্তাটির (প্যাকেজ নং- ICGP B2 GCC 06) দুই পার্শ্বে প্রশস্ত করন কাজটি সিটি কর্পোরেশন থেকে বাস্তবায়ন করা যায় এবং বাকী কাজগুলো সিজিপি এর প্যাকেজ নং- ICGP B2 GCC 06 এর মাধ্যমে Revised/Re-cast করে বাস্তবায়ন করা যায়। এখানে আরো উল্লেখ্য যে, উক্ত দুটি রাস্তা অর্থাৎ ভানুয়া থেকে জয়দেবপুর, ধীরাশ্রম, হায়দারাবাদ হয়ে বনমালা রেল ক্রসিং পর্যন্ত রাস্তার হায়দারাবাদ থেকে বনমালা রেল ক্রসিং পর্যন্ত অংশ (প্যাকেজ নং- ICGP B2 GCC 01) এবং জয় বাংলা রাস্তা থেকে নিমতলী রাস্তা (প্যাকেজ নং- ICGP B2 GCC 06) জরুরী জনগুরুত্বপূর্ন বিধায় মাননীয় মুক্তিযোদ্ধা মন্ত্রী, মাননীয় যুব ও ক্রীড়া প্রতি মন্ত্রী এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির মাননীয় সভাপতি মাননীয় মেয়র মহোদয়কে বিশেষভাবে অনুরেধ করেন।

<u>২(৫) CRDP-II এর অগ্রগতির আলোচনা-</u>

অতিরিক্ত প্রধান প্রকৌশলী সভায় জানান যে, CRDP-II প্রকল্পের প্যাকেজন নং- W-01 এর অগ্রগতি প্রায় ২৫% এবং প্যাকেজ নং- W-02 এর অগ্রগতি প্রায় ৫৭%। ইতিমধ্যে প্রকল্পের সময় প্রায় শেষের দিকে।

মাননীয় মেয়র মহোদয় সংশ্লিষ্ট ঠিকাদারকে তাগিদপত্র দিয়ে দ্রুত কাজের অগ্রগতি বৃদ্ধি করে উপ-প্রকল্পের কাজ সমাপ্ত করার জন্য অনুরোধ করেন।

## আলোচ্য সূচী ০২(ক)ঃ প্রস্তাবিত প্রকল্প অনুমোদন বিষয়ে আলোচনাঃ

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০৪ | মেয়র মহোদয় সভাকে জানান যে, সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনে বেশ কিছু গুরুত্বপূর্ন রাস্তা টেন্ডারের মাধ্যমে নির্মাণ করা প্রয়োজন। এ বিষয়ে সকল কাউন্সিলর একমত পোষন করেন। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নলিখিত প্রস্তাবিত প্রকল্পগুলো সিটি কর্পোরেশনের আর্থিক তহবিলের বিষয় বিবেচনা করে পর্যায়ক্রমে টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ- |

| ক্রঃ নং | প্রকল্পের নাম |
|---|---|
| ০১. | মামা শফিকুল আলম দারুল নাজাত মাদ্রাসা ও এতিমখানা, মজলিশপুর-এর নির্মাণ কাজ |
| ০২. | গাজীপুর সিটি কর্পোরেশনের ২১নং ওয়ার্ডে জোলারপাড় দাখিল মাদ্রাসা হতে রুহুলের বাড়ী পর্যন্ত এইচবিবি করণ |
| ০৩. | গাজীপুর সিটি কর্পোরেশন, জোন-০৫(কাউলতিয়া) ভবনের রং সহ মেরামত, টাইলস করণ এবং আসবাবপত্র সরবরাহ করণ |
| ০৪. | গাজীপুর সিটি কর্পোরেশন, জোন-০৫ (কাউলতিয়া) ভবনের বাউন্ডারী ওয়াল নির্মাণ করণ |
| ০৫. | হিমারদিঘী সিরাজ মহাজন রোডে (ফাইসন্স রাস্তা হতে মতি কন্ট্রাক্টরের বাড়ী পর্যন্ত) আরসিসি ড্রেন নির্মাণ |
| ০৬. | হিমারদিঘী সিরাজ মহাজন রোড (ফাইসন্স রাস্তা হতে কনফিডেন্স স্কুল পর্যন্ত) রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন |
| ০৭. | দত্তপাড়া বাইতুস সালাহ মসজিদ হতে সাইদ মৃধা রোড পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন |
| ০৮. | আউচপাড়া কলেজ রাস্তা হতে আকন্দ ভিলা ও নুরুজ্জামান সাহেবের বাড়ী হয়ে সুর তরঙ্গ রাস্তা পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ ও রাস্তা সিসি দ্বারা উন্নয়ন করণ |
| ০৯. | আউচপাড়া সুর তরঙ্গ রাস্তা হতে রোকেয়া মঞ্জিল ও আকন্দ ভিলা পর্যন্ত আরসিসি ড্রেন ও রাস্তা নির্মাণ করণ |
| ১০. | টঙ্গী বাজার গরু হাটার রাস্তা পূর্ব পার্শ্বে বিদ্যমান ড্রেনের উপর টপ স্লাব নির্মাণ করণ |
| ১১. | মোক্তার বাড়ী রাস্তা হতে রমজান আলী (সেবা ২৮১) বাড়ী পর্যন্ত আরসিসি ড্রেন ও রাস্তা নির্মাণ করণ |
| ১২. | গুটিয়া সরকারী প্রার্থমিক বিদ্যালয়ের সামনে বিদ্যমান খালের উপর একটি স্টীলের ব্রীজ নির্মাণ করণ- |
| ১৩. | টঙ্গী দারুল উলুম মাদরাসা হতে সাহাজদ্দিন সরকার স্কুল হয়ে কনফিডেন্স স্কুল ও আকরাম ইঞ্জিনিয়ারের বাড়ী হতে আসাদুল্লাহ মাতাব্বর রোড এবং পশু হাসপাতালের পিছনে সিরাজ পুলিশের বাড়ীর রাস্তা ও আরসিসি ড্রেন নির্মাণ কাজ- দৈর্ঘ্য-১৬৫০ ফুট, প্রস্থ-২০ ফুট |
| ১৪. | কনফিডেন্স স্কুল হতে কলাবাগান কালভার্ট হয়ে রেল লাইন পর্যন্ত আরসিসি রাস্তা নির্মাণ করণ- দৈর্ঘ্য-২০০০ ফুট, প্রস্থ-২০ ফুট |
| ১৫. | আনোয়ার সিল্ক হতে রেল লাইন ও নেছারিয়া মাদ্রাসা হতে টঙ্গী রেল ষ্টেশন পর্যন্ত এবং কেরানিটেক আকাল মাহমুদ রোড হতে আমতলী মোড় ও ডাঃ শহিদুল্লাহ্ রোড আরসিসি রাস্তা ও ড্রেন নির্মাণ করণ-দৈর্ঘ্য-৪৭১৫ ফুট, প্রস্থ-২০ ফুট |
| ১৬. | পৌর ঈদগাহ মাঠ ও কবরস্থান সংস্কার মাটি ভরাট, বাউন্ডারী, এস,এস গ্রিল ও গেইট নির্মাণ ও রং করণ কাজ। সৈলারগাতি তারার বাড়ী, মাসুদের বাড়ী, সহিদ মাষ্টারের বাড়ী, তোফাজ্জলরে বাড়ী, বুলু নাছেরের বাড়ী, হিমারদিঘী কন্ট্রাক্টর সোহেরে বাড়ী, ডাঃ জসিমের বাড়ী ও আশরাফ সাহেবের বাড়ী আরসিসি রাস্তা ও ড্রেন নির্মাণ-দৈর্ঘ্য-২১০০ ফুট, প্রস্থ-১৬ ফুট |
| ১৭. | জনাব তৈয়াব আলী সাহেবের বাড়ী হতে দক্ষিণ দিকে সাতাইশ রোড পর্যন্ত রাস্তা প্রশস্ত ও সংস্কার করণ কাজ- দৈর্ঘ্য-৬০০ ফুট, প্রস্থ-২০ ফুট |
| ১৮. | খাঁ পাড়া শামসুল গার্মেন্টসে দক্ষিণ পার্শ্ব হতে বাদলের বাড়ী পর্যন্ত রাস্তা মাটি ভরাট ও সলিং করণ । দৈর্ঘ্য-৬০০ ফুট, |
| ১৯. | স্কুইব রোড হতে বিপ্লবদের বাড়ী হয়ে করিম মেম্বারের বাড়ী পর্যন্ত (বেপারী বাড়ী রোড) দৈর্ঘ্য-১৮০০ ফুট, |
| ২০. | খা পাড়া রোডের উত্তর পাশের স্লাবসহ নতুন ড্রেন এবং দক্ষিণ পাশের আরসিসি ড্রেনের উপর স্লাব নির্মাণ। দৈর্ঘ্য-৬৫৬২ ফুট, |
| ২১. | দারুল ইসলাম আবাসন এলাকা ঢাকা ময়মনসিংহ রোড থেকে এস আর পি ফ্যাক্টরীর উত্তর পাশের গলি পর্যন্ত (১৯০০ ফুট)<br>এ,কে,প্লেস থেকে উকিলের বাড়ী হয়ে মারুফের বাড়ীর সামনে লেকে মসজিদ পর্যন্ত (৯১০ ফুট)।<br>বালাদিন আমিন জামে মসজিদ থেকে তাহের খার বাড়ী হয়ে খা পাড়া রোড পর্যন্ত (৭০০ ফুট)। |
| ২২. | সুর তরঙ্গ রোডের শাখা রোড আল মুজাহিদুল মসজিদের রোড বেপারী বাড়ী পর্যন্ত (দৈর্ঘ্য-৮৪০ ফুট) |
| ২৩. | মোক্তার বাড়ী রোডের হোসেন মোক্তারের বাড়ী লেকে সফিউদ্দিন রোডের সিদ্দিক সাহেবের বাড়ী পর্যন্ত । দৈর্ঘ্য-৭৫০ ফুট |
| ২৪. | মোক্তার বাড়ী রোডের আবু আহাম্মদের বাড়ী থেকে সফিউদ্দিন রোড পর্যন্ত। দৈর্ঘ্য-৮০০ ফুট |
| ২৫. | মোক্তার বাড়ী হাজী আজগর আলী রোডের হুকুম আলী বাড়ী হতে পুলকদের বাড়ী হয়ে জামিল ও জসিমের বাড়ী হয়ে মাদার বক্স রোডের নুরু মোড়লের বাড়ীর সামনে থেকে দুলালের বাড়ী পর্যন্ত (২২০০ ফুট) এবং জামিলের বাড়ী থেকে মিজানের বাড়ী হয়ে খা পাড়া ও মোক্তার বাড়ী রোডের সংযোগ রাস্তা পর্যন্ত (৭০০ ফুট) |

| | |
|---|---|
| ২৬. | মোল্লা বাজার সাজ্জাদের বাড়ী হতে মোক্তার বাড়ী পানুর বাড়ী পর্যন্ত।(রহমদের বাড়ীর রোড) দৈর্ঘ্য-৯৭০ ফুট |
| ২৭. | সফিক মোড়লের বাড়ী থেকে আনোয়ার সাহেবের বাড়ী হয়ে মসজিদের রাস্তা ও খা পাড়া রাস্তা পর্যন্ত । দৈর্ঘ্য-১৪২০ ফুট |
| ২৮. | সালামত মোল্লা রোড থেকে মসজিদুল কোবা হয়ে নৈমুদ্দিন মোল্লা রোড পর্যন্ত। দৈর্ঘ্য-১০৭০ ফুট |
| ২৯. | মোল্লা বাড়ী রোডের সাইদ মোল্লার বাড়ী থেকে পানির পাম্পের উভয় পার্শ্বের রাস্তাসহ নৈমুদ্দিন মোল্লা রাস্তা পর্যন্ত। দৈর্ঘ্য-৭৫০ ফুট |
| ৩০. | সাহাজ উদ্দিন সরকার রোড ঢাকা ময়মনসিংহ রোড থেকে মহলদের বাড়ী হয়ে আফিলের বাড়ীর সামনে থেকে কফিল উদ্দিনের বাড়ী পর্যন্ত। দৈর্ঘ্য-৮৭০ ফুট |
| ৩১. | খা পাড়া রোডের খা পাড়া স্কুলের রাস্তা সাতাইশ রোড পর্যন্ত । দৈর্ঘ্য-২১০০ ফুট। |
| ৩২. | মোল্লা বাজার নুরুল হকের বাড়ী হইতে পানুর বাড়ী মোক্তার বাড়ী রোডের সংযোগ রোড পর্যন্ত দৈর্ঘ্য-১২০০ ফুট |
| ৩৩. | সফিউদ্দিন সরকার একাডেমীর রোডের দক্ষিণ পার্শ্বে স্লাবসহ আরসিসি ড্রেন ও রাস্তা প্রশস্ত করণ। দৈর্ঘ্য-২২০০ ফুট। |
| ৩৪. | লোহাকৈর জুলহাস মন্ডল এর বাড়ী ও বায়তুল নূর জামে মসজিদ হতে বীর মুক্তিযোদ্ধা এডঃ প্রফেসর (অব.) আব্দুল বারীর বাংলা ঘর পর্যন্ত পাকা রাস্তা নির্মাণ প্রসঙ্গে। |
| ৩৫. | তেতুইবাড়ী মেইন রোড হতে আনুমানিক ২০০-৩০০ ফুট রাস্তা নির্মাণ করণ। |
| ৩৬. | হাতীমারা স্কুল এন্ড কলেজের সন্নিকটে পশ্চিমে ২০০ মিঃ পকেট রাস্তা মেরামত করণ |
| ৩৭. | কাশিমপুর-জিরানী রাস্তা ভূইয়া বাড়ী কবরস্থান হতে কাশিমপুর কোনাবাড়ী রাস্তায় খন্দকার বাড়ী মসজিদ হয়ে মন্ডল গার্মেন্টস পর্যন্ত আরসিসি রাস্তা এবং আরসিসি ড্রেন নির্মাণ করণ- |
| ৩৮. | ক) কাশিমপুর নামাবজার শ্মশানঘাট রাস্তায় জনাব মোঃ আলতাব হোসেন এর বাড়ী হতে জনাব মোঃ প্রফুল্ল চন্দ্র সরকারের বাড়ী পর্যন্ত সংস্কার করণ।<br>খ) কাশিমপুর নামাবাজার শ্মশানঘাট রাস্তায় জনাব মোঃ মোজাম্মেল এর বাড়ী হতে হাসমত খলিফার বাড়ী পর্যন্ত রাস্তা সংস্কার করণ<br>গ) কাশিমপুর নামাবাজার শ্মশানঘাট রাস্তায় জনাব মোঃ আওয়াল মেম্বারের বাড়ীর সামনে হতে ধনঞ্জয়খালী সরকারী স্কুল পর্যন্ত রাস্তা সংস্কার করণ |
| ৩৯. | কোনাবাড়ী ০৭নং ওয়ার্ডের পাঠান বাড়ী রোড নির্মাণ প্রকল্পের ক্ষতিগ্রস্থ উজ্জল বোট ফ্যাক্টরীর বাউন্ডারি ওয়াল নির্মাণ করণ- |
| ৪০. | ০৭নং ওয়ার্ড কোনাবাড়ী কাশিমপুর রোড পেয়ারা বাগান এলাকায় উচ্ছেদকৃত সরকারী সম্পত্তি সংরক্ষণের জন্য বাউন্ডারী ওয়াল নির্মাণ করণ- |
| ৪১. | এলজিইডি'র সীমানা প্রাচীর নির্মাণ- |
| ৪২. | বিএডিসি (বীজ) এর সীমানা প্রাচীর নির্মাণ |
| ৪৩. | বিএডিসি (সেচ) এর সীমানা প্রাচীর নির্মাণ |
| ৪৪. | বি,আর,টি,সি ট্রেনিং সেন্টার-এর সীমানা প্রাচীর নির্মাণ |
| ৪৫. | টি এন্ড টি-এর পূর্ব পার্শ্বের সীমানা প্রাচীর নির্মাণ- |
| ৪৬. | এ,বি,সি এর সীমানা প্রাচীর নির্মাণ (সাবেক হামদার্দ) |
| ৪৭. | কিংশুক সমবায় সমিতির সীমানা প্রাচীর নির্মাণ- |
| ৪৮. | ঢাকা ময়মনসিংহ রাস্তায় চেরাগআলী বাজার হতে বেক্সিমকো ফার্মাসিউটিক্যাল লিঃ পর্যন্ত (স্কুইব রাস্তা) রাস্তার দুই পার্শ্বে আরসিসি ড্রেন ও রাস্তা আরসিসি করণ এবং এইচবিবি দ্বারা প্রশস্ত করন কাজ- |
| ৪৯. | আইইউটি রাস্তার পার্শ্বে আরসিসি পাইপ ড্রেন নির্মাণ (চেইনেজ ১+৭৬৫ থেকে ২+ ১১০) |

| | | |
|---|---|---|
| **আলোচ্য সূচী ০২(খ)ঃ আর,এফ,কিউ'র প্রকল্প সম্পর্কে আলোচনাঃ**<br>সভায় উপস্থিত বিভিন্ন জোনের সংশ্লিষ্ট কাউন্সিলরগন জানান যে, নিম্মেবর্ণিত প্রকল্পগুলি অতি জনগুরুত্বপুর্ণ বিধায় সংশ্লিষ্ট এলাকার জনগনের চাহিদার প্রেক্ষিতে আর,এফ,কিউ'র মাধ্যমে উক্ত প্রকল্পগুলি সম্পন্ন করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত প্রকল্পগুলো জরুরী ও জনগুরুত্বপুর্ণ বিধায় আর, এফ, কিউ'র মাধ্যমে সম্পন্ন করার সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী<br>ও<br>সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী |

| ক্রঃনং | প্রকল্পের নাম | প্রাক্কলন মূল্য |
|---|---|---|
| ০১. | গাজীপুর সিটি কর্পোরেশন,জোন-১ এর আওতাধীন আব্দুল মতিন রাস্তা মেরামতের জন্য ইট সরবরাহ করণ কাজ (১ম অংশ)। | ৪,৯৮,৪৯০/- |
| ০২. | গাজীপুর সিটি কর্পোরেশন,জোন-১ এর আওতাধীন আব্দুল মতিন রাস্তা মেরামতের জন্য ইট সরবরাহ করণ কাজ (২য় অংশ)। | ৪,৯৮,৩০০/- |
| ০৩. | গাজীপুর সিটি কর্পোরেশন টঙ্গী অঞ্চলের মা টাওয়ার হতে ষ্টেশন রোড পর্যন্ত রাস্তা মেরামতের জন্য ইট সরবরাহ করণ কাজ- | ৩,৭৪,৬৬০/- |
| ০৪. | গাজীপুর সিটি কর্পোরেশন, জোন-১ এর আওতাধীন আব্দুল মতিন রাস্তা মেরামতের জন্য বালি সরবরাহ করণ কাজ- (১ম অংশ)। | ৪,৯০,০০০/- |
| ০৫. | গাজীপুর সিটি কর্পোরেশন, জোন-১ এর আওতাধীন আব্দুল মতিন রাস্তা মেরামতের জন্য বালি সরবরাহ করণ কাজ- (২য় অংশ)। | ৩,৮৬,৫০০/- |
| ০৬. | গাজীপুর সিটি কর্পোরেশন টঙ্গী অঞ্চলের মা টাওয়ার হতে ষ্টেশন রোড পর্যন্ত রাস্তা মেরামতের জন্য বালি সরবরাহ কাজ। | ২,৫২,০০০/- |
| ০৭. | গাজীপুর সিটি কর্পোরেশন টঙ্গী অফিসেত প্রবেশ পথ হতে টয়লেট পর্যন্ত রাস্তা সিসি করন, স্বাস্থ্য শাখার কক্ষ ও ইমাম সাহেবের কক্ষ মেরামত এবং প্রকৌশল শাখার অফিস কক্ষে থাই গ্লাস স্থাপন, কক্ষ মেরামত করণ ও টেবিল, চেয়ার , ফাইল কেবিনেট সরবরাহ করণ কাজ- | ৩,৩৯,৮২০/- |
| ০৮. | বনমালা রেল ক্রসিং হতে হায়দ্রাবাদ ব্রীজ পর্যন্ত রাস্তা মেরামত করণ কাজ (১ম অংশ)। | ৪,৯২,৫০০/- |
| ০৯. | বনমালা রেল ক্রসিং হতে হায়দ্রাবাদ ব্রীজ পর্যন্ত রাস্তা মেরামত করণ কাজ (২য় অংশ)। | ৪,৯০,৮০০/- |
| ১০. | গাজীপুর সিটি কর্পোরেশন, টঙ্গী অঞ্চলের মা টাওয়ার রাস্তা ও হায়দ্রাবাদ রাস্তা মেরামতের জন্য ইট সরবরাহ করণ কাজ- | ৪,৯০,২০০/- |
| ১১. | গাজীপুর সিটি কর্পোরেশনের টঙ্গী জোনের স্বাস্থ্য শাখায় কক্ষ রুম সংস্কার ও মেরামত করণ কাজ- | ৪,৯৭,৩৫৬/- |

**(৩) বিভিন্ন রাস্তা ও ড্রেন জরুরী ভিত্তিতে মেরামতের বিষয়ে আলোচনা ঃ-"**

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০৩ | মাননীয় মেয়র মহোদয় সভায় জানান যে, বর্ষা মৌসুম শুরু হওয়ার পূর্বেই বেশ কিছু ড্রেন পরিষ্কার এবং মেরামত করা প্রয়োজন। অন্যথায় নগরীর বিভিন্ন এলাকায় এলাকায় জলাবদ্ধতা সৃষ্টি হবে। অন্যদিকে সিটি কর্পোরেশনের বিভিন্ন এলাকায় বেশ কিছু রাস্তা মেরামত/নির্মাণ করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ৪(১) সংলগ্নি 'ক' তে বর্ণিত ড্রেনগুলো পরিস্কার এবং মেরামত করার বিষয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হলো।<br>৪(২) সংলগ্নি "খ" তে বর্ণিত রাস্তাগুলো মেরামত/নির্মাণ করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |

**আলোচ্যসূচী -০৪ ঃ রাজস্ব বিষয়ক আলোচনা :-**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| রাজস্ব বিভাগের কাজের গতিশীলতা এবং ধারাবাহিকতা বজায় রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রধান নির্বাহী কর্মকর্তা মতামত প্রকাশ করেন যে, রাজস্ব বিভাগের কর্মকর্তা কর্মচারীদের আন্তরিকতার কারণে নগর ভবনসহ সকল অঞ্চলের রাজস্ব বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীগনকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। অদ্যকার সভার সভাপতি কর্তৃক মাননীয় মেয়র মহোদয়ের প্রতি ধন্যবাদ জ্ঞাপন ও কৃতজ্ঞতা প্রকাশ করা হয়। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নে লাইসেন্স ও কর আদায় সংক্রান্ত দাবী ও আদায়ের পরিমান ২০২০-২০২১ অর্থ বছরের দেখানো হলোঃ | প্রধান রাজস্ব কর্মকর্তা গাজীপুর সিটি কর্পোরেশন। |

**ক) জানুয়ারি/২০২১ পর্যন্ত দাবী ও আদায় (২০২০-২০২১)ঃ**

| অঞ্চল | মোট দাবী | | | আদায় |
|---|---|---|---|---|
| | চলতি | বকেয়া | মোট | মোট |
| ১ | ৫৩২৮৯০৫৮৪/- | ৩৬৪৭০১৫৬/- | ৫৬৯৩৬০৭৪০/- | ২০৯৬১০৩৩৭/- |
| ২ | ৩৯৯৪২৭৪৩/- | ২৫০৩৪২০৭/- | ৬৪৯৭৬৯৫০/- | ১৪৬৩৯২০২/- |
| ৩ | ৬৫০০০০০০/- | ২৫১২১২৮৬/- | ৯০১২১২৮৬/- | ৯৬১২২১৯৭/- |
| ৪ | ১৬৪৪৬৫২৫৮/- | ৪৫১৯০৮৫১/- | ২০৯৬৫৬১০৯/- | ৫১৬৮৭২৮৩/- |
| ৫ | ৩২৫৫৯৫২৬/- | ৮১৭৩৩১৬৫/- | ১১৪২৯২৬৯১/- | ৬২৫৬৬৭৫৯/- |
| ৬ | ২৪০০১৩২৪৬/- | ৩৪৮৭৬৩১/- | ২৪৩৫০০৮৭৭/- | ১১৫১৯৬০৯০/- |
| ৭ | ১৮৩৯৮১৬০৩/- | ৩৩১৪৬১৩২১/- | ৫১৫৪৪২৯২৪/- | ৮৩২৮৫১০৫/- |
| ৮ | ২৬০১৭৪৪৬৪/- | ২৯৪৮২২২৭৮/- | ৫৫৪৯৯৬৭৪২/- | ১৩৯৫৭৪৪৫৩/- |
| মোট= | ১৫১৯০২৭৪২৪/- | ৬২৯৮৯৯২৫৮/- | ২১৪৮৯২৬৬৮২/- | ৭৭২৬৮১৪২৬/- |

**খ) লাইসেন্স সংক্রান্ত বিষয়ক আলোচনাঃ**

**২০২০-২০২১ অর্থ বছরের লাইসেন্সের দাবী ও আদায়**

| অঞ্চল | শ্রেণী | বর্তমান সংখ্যা | দাবী(টাকা) | আদায় (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | শিল্প | ২৪ | ৭১৩৪৬০০ | ৩১৮৭৩৪ |
| | বাণিজ্যিক | ১১৬৯ | ৩৪৭৮৫৪০০ | ৩০২১২৯৪ |
| ২ | শিল্প | ০২ | ২৩২২৫ | ২৩২২৫ |
| | বাণিজ্যিক | ১১৫ | ২০৪৮১১ | ২০৪৮১১ |
| ৩ | শিল্প | ০৫ | ২৪৪৬১৮০ | ৫২৮২৫ |
| | বাণিজ্যিক | ৬৬১ | ৬৭৫৮৪২২ | ১৪৭৭০০১ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | শিল্প | ০৪ | ৫৭৩৬২৪ | ৩৯৯৪১ |
| | বাণিজ্যিক | ৪৮১ | ৩৩৩৫১৮০ | ৬৮৪৪০০ |
| ৫ | শিল্প | ১৫ | ১৬৬৬৬৬ | ১৭৩৪৭৯ |
| | বাণিজ্যিক | ১৯৬ | ৩৭৫০০০ | ৪১৮১৭৮ |
| ৬ | শিল্প | ১ | ২৯০০০০ | ১২২৯৩৫ |
| | বাণিজ্যিক | ৩৩৭ | ১২৮০০০০ | ১২৯২৭৭০ |
| ৭ | শিল্প | ০০ | ৩৪০৯০১৫ | ২১৭৩১ |
| | বাণিজ্যিক | ২৪৬ | ১০২৮৫৫১৬ | ৬২৮১৩০ |
| ৮ | শিল্প | ০০ | ০০ | ০০ |
| | বাণিজ্যিক | ২৬৫ | ৬৪৭৪৫৩ | ৪৬৭২৫৩ |
| শ্রেনীভিত্তিক মোট | শিল্প | ৫১ | ১৪০৪৩৩১০ | ৭৫২৮৭০ |
| | বাণিজ্যিক | ৩৪৭০ | ৫৭৬৭১৭৮২ | ৮১৯৩৮৩৭ |
| সর্বমোট | শিল্প ও বাণিজ্যিক | ৩৫২১ | ৭১৭১৫০৯২ | ৮৯৪৬৭০৭ |

**<u>২০২০-২০২১ অর্থ বছরের জানুয়ারি পর্যন্ত লাইসেন্স সংক্রান্ত বিবরণীঃ</u>**

| অঞ্চল | শ্রেণী | বর্তমান সংখ্যা | দাবী(টাকা) | আদায় (টাকা) | আদায়ের হার (..) |
|---|---|---|---|---|---|
| ১ | শিল্প | ৭০৫ | ৭১৩৪৬০০ | ৫৪৯৮২৭৪ | ৭৭.০৬ |
| | বাণিজ্যিক | ১৫৪৮৭ | ৩৪৭৮৫৪০০ | ২৫১৯৬৭৮৪ | ৭২.৪৩ |
| ২ | শিল্প | ৯২ | ১০০০০০০ | ৫৭৬৬৬৬৬ | ৫৭.৬৭ |
| | বাণিজ্যিক | ২৪০০ | ৪০০০০০০ | ৩২৫৭১৮৪ | ৮১.৪৩ |
| ৩ | শিল্প | ৪৯২ | ৫০০০০০০ | ২৬০৬৬৪৫ | ৫২.১৩ |
| | বাণিজ্যিক | ৮৩৯৫ | ১৫০০০০০০ | ৯৭১৮৫৭৯ | ৬৪.৭৯ |
| ৪ | শিল্প | ১০৫ | ১০০০০০০ | ৪৬৬৩১৭ | ৪৬.৬৩ |
| | বাণিজ্যিক | ৬৫৯০ | ১২০০০০০০ | ৯৩৪৯৩০০ | ৭৭.৯১ |
| ৫ | শিল্প | ২৩৮ | ২০০০০০০ | ১৩৭৮৫৪৮ | ৬৮.৯৩ |
| | বাণিজ্যিক | ৩৪০১ | ৪৫০০০০০ | ৩৪৫৭৩৩৪ | ৭৬.৮৩ |
| ৬ | শিল্প | ৩৮০ | ৩৫০০০০০ | ২০৭০৯২৫ | ৫৯.১৭ |
| | বাণিজ্যিক | ৮৫৩৮ | ১৪৫০০০০০ | ১২৫৯২০৮৯ | ৮৬.৮৪ |
| ৭ | শিল্প | ২১২ | ৩৪০৯০১৫ | ১৫৫৯৯১২ | ৪৫.৭৬ |
| | বাণিজ্যিক | ৫৭০৬ | ১০২৮৫৫১৬ | ৬৭২৯২৭৫ | ৬৫.৪২ |
| ৮ | শিল্প | ২৫৩ | ৪০২০০০০ | ২৮৪৪০৮৬ | ৭০.৭৫ |
| | বাণিজ্যিক | ৫১০৫ | ৭৭৬৯৪৩৬ | ৩৮২৮৭৬৪ | ৪৯.২৮ |
| শ্রেনীভিত্তিক মোট | শিল্প | ২৪৫১ | ৩৭০৬৩৬১৫ | ৩৪০১৬০৯৪ | ৯১.৭৮ |
| | বাণিজ্যিক | ৫৫৬২২ | ৮৭৮৪০৩৫২ | ৬৪৪১০৭৩০ | ৭৩.৩৩ |
| সর্বমোট | শিল্প ও বাণিজ্যিক | ৫৮০৭৩ | ১২৪৯০৩৯৬৭ | ৯৮৪২৬৮২৪ | ৭৮.৮০ |

## ০৫. বর্জ্য ব্যবস্থাপনা প্রসঙ্গে আলোচনা;

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| মাননীয় মেয়র মহোদয় সভাকে জানান যে, আসন্ন বর্ষা মৌসুম শুরুর পূর্বে গাজীপুর সিটি কর্পোরেশনের ৮টি জোনের প্রতিটি ওয়ার্ডে প্রয়োজনীয় ছোট বড় যে সকল ড্রেন ময়লা, আবর্জনায় ভরে গেছে, সে সকল ড্রেনগুলো পরিষ্কার করণ ও বর্জ্য অপসারণ করা প্রয়োজন। তা না হলে জলাবদ্ধতা সৃষ্টি হবে। | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত ভাবে আলোচনা করা হয়। আলোচনান্তে ড্রেনের তালিকা সংগ্রহ পূর্বক জরুরী ভিত্তিতে পরিস্কার পরিচ্ছন্নতা করার সিদ্ধান্ত গৃহিত হয়। উক্ত কার্যক্রম সম্পাদনে প্রায় ৮.০০ (আট) কোটি টাকা প্রয়োজন হবে। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা গাজীপুর সিটি কর্পোরেশন |

| | | |
|---|---|---|
| **বিবিধ-০১ঃ উন্নয়ন কাজের জন্য দরিদ্র,অসহায় ও অস্বচ্ছল ব্যক্তিকে অনুদান প্রদান সম্পর্কে আলোচনাঃ**<br>সভাপতি মহোদয় সভাকে জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় সরকারি সহায়তায় বর্তমানে ব্যাপক উন্নয়ন কাজ চলমান আছে। তারই ধারাবাহিকতায় রাস্তার উন্নয়ন, ড্রেন প্রশস্থ করণের কাজে করতে হচ্ছে। ফলে বিভিন্ন স্থানে প্রয়োজন অনুযায়ী বাড়ীঘর, স্থাপনা, দোকানপাট ইত্যাদি ভাংতে হচ্ছে। এতে উক্ত স্থাপনার এবং জায়গার অনুদান দিতে হচ্ছে। উক্ত অনুদানের জন্য বিভিন্ন দরিদ্র,অসহায় ও অস্বচ্ছল ব্যক্তি ও প্রতিষ্ঠান আবেদন করেছেন। প্রধান সম্পত্তি কর্মকর্তা জায়গা ও বাড়ীঘর, স্থাপনা ভাংগার অনুদান পাওয়ার জন্য মাননীয় মেয়র বরাবর প্রদত্ত আবেদনসমূহ সভায় উপস্থাপন করেন। মার্চ/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত অনুদান বাবদ ৭,০৩,০০,০০০/-((সাত কোটি তিন লক্ষ) টাকা বিভিন্ন দরিদ্র,অসহায় ও অস্বচ্ছল ব্যক্তিকে প্রদান করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন রাস্তা ঘাটের উন্নয়ন ও ড্রেনের সম্প্রসারণের জন্য বিভিন্ন দরিদ্র, অসহায় ও অস্বচ্ছল ব্যক্তির জায়গা ও বাড়ী ঘরের অনুদান বাবদ মার্চ/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ৭,০৩,০০,০০০/-(সাত কোটি তিন লক্ষ) টাকা অনুদান প্রদানের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রধান সম্পত্তি কর্মকর্তা গাজীপুর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **বিবিধ-০২ঃ দৈনিক মজুরীর ভিত্তিতে ড্রাইভার নিয়োগ সংক্রান্ত বিষয়ে আলোচনাঃ**<br>সভাপতি মহোদয় সভাকে জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশনে ড্রাইভারের স্বল্পতাহেতু কাজের গতিশীলতা বিঘ্নিত হওয়ায় উহা নিরসনকল্পে সম্পূর্ণ অস্থায়ী ভাবে দৈনিক মজুরীর ভিত্তিতে ড্রাইভার নিয়োগ করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে গাজীপুর সিটি কর্পোরেশনে দৈনিক মজুরীর ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ১৯(উনিশ)জন ড্রাইভার নিয়োগের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা গাজীপুর সিটি কর্পোরেশন। |

## বিবিধ-০৩ঃ কোভিড-১৯, বিষয়ে আলোচনা;

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| গাজীপুর সিটি কর্পোরেশনের স্বাস্থ্য কর্মকর্তা জনাব ডাঃ মোহাম্মদ রহমত উল্লাহ সভাকে জানান যে,<br>ক) শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতালে ০৮টি এবং শহীদ আহসান উল্লাহ মাষ্টার জেনারেল হাসপাতালে ০৪ টি সহ সর্বমোট ১২ টি বুথের মাধ্যমে গাজীপুর সিটি কর্পোরেশন এর সম্মানিত ৫৫ বছরের তদূর্ধ বয়স্ক জনগোষ্ঠী এবং সরকার নির্ধারিত ১৯ শ্রেণীর অগ্রাধিকার তালিকার ব্যক্তিগণকে কোভিড-১৯ টিকা প্রদানের সরকারী নির্দেশনা রয়েছে।<br>খ) সভায় আরো জানান যে, সরকারী নির্দেশনা অনুযায়ী প্রত্যেকটি বুথে ২ জন সরকারী সিনিয়র ষ্টাফ নার্স এবং ৪ জন করে স্বেচ্ছাসেবীর সমন্বয়ে সর্বমোট ২৪ জন নার্স এবং ৪৮ জন বাংলাদেশ রেড ক্রিসেন্ট এবং কেয়ার বাংলাদেশ এর স্বেচ্ছাসেবীর মাধ্যমে টিকাদান কার্যক্রম পরিচালনা বিষয়ে আলোচনা করা হয়।<br>গ) সভায় আরো জানান যে, পরবর্তীতে সিটি কর্পোরেশনের অবশিষ্ট অঞ্চলের আওতায় অন্যান্য সুবিধাজনক হাসপাতালসমূহে কোভিড-১৯ টিকাপ্রদানের প্রয়োজনীয় প্রস্তুতি হিসেবে আরো ১০টি অতিরিক্ত টিকাদান টিম প্রস্তুত রাখার বিষয়ে আলোচনা করা হয়। প্রত্যেকটি টিমে ২ জন দক্ষ টিকাদানকারী এবং ৪ জন স্বেচ্ছাসেবীর মাধ্যমে কার্যক্রম পরিচালনা করার এবং তাদের সকলকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের জন্যও আলোচনা করা হয়। এছাড়া উল্লেখিত ২টি টিকাদান কেন্দ্রে ১২টি বুথ নির্মাণ, টিকা গ্রহীতাদের টিকা প্রদানের পূর্বে ও পরে বসার জন্য প্রয়োজনীয় প্যান্ডেল নির্মাণ, ১০০০টি প্লাস্টিকের চেয়ার, ২টি টেবিল, ১০০০০০ লিটার পানির বোতল প্রয়োজনীয় সংখ্যক বিশুদ্ধ পানির ফিলটার ও হ্যান্ড গ্লাভস ১২টি নন কন্টাক্ট ডিজিটাল থার্মোমিটার, ১৪টি মাল্টি প্লাগসহ স্ট্যান্ড ফ্যান সরবরাহ বিষয়ে আলোচনা করা হয়।<br>ঘ) তিনি সভায় আরো জানান যে, সুরক্ষা ওয়েব পোর্টাল এর মাধ্যমে সকল আঞ্চলিক কার্যালয় ও কোভিড-১৯ টিকাদান কেন্দ্রে রেজিষ্ট্রেশন কাজে সহায়তা করার জন্য ১৬ জন দক্ষ আইসিটি পার্সোনালসহ প্রয়োজনীয় ল্যাপটপ,স্কেনার, প্রিন্টার, কাগজপত্রাদিসহ অন্যান্য লজিষ্টিকস সার্পোট সিটি কর্পোরেশন হতে প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।<br>ঙ) সভায় আরো জানান যে, সর্বমোট ৪৪ জন নার্স, ৮৮ জন স্বেচ্ছাসেবী এবং ১৬ জন আইসিটি পার্সোনালদের প্রয়োজনীয় প্রশিক্ষণ স্বাস্থ্য অধিদপ্তর, আইসিটি মন্ত্রণালয়, বিশ্ব স্বাস্থ্য সংস্থা, জেলা স্বাস্থ্য বিভাগ এর সাথে সমন্বয় করে গাজীপুর সিটি কর্পোরেশনের স্বাস্থ্য বিভাগের তত্ত্বাবধানে পরিচালনা এবং সকল স্বেচ্ছাসেবী ও আইসিটি পার্সোনালদের মাসিক সম্মানী ভাতা সিটি কর্পোরেশন কর্তৃক প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত ভাবে আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ-<br>ক) সরকারী নির্দেশনা অনুযায়ী কোভিড-১৯ বিষয়ে কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) সরকারী নির্দেশনা অনুযায়ী প্রত্যেকটি বুথে ২ জন সরকারী সিনিয়র ষ্টাফ নার্স এবং ৪ জন করে স্বেচ্ছাসেবীর সমন্বয়ে সর্বমোট ২৪ জন নার্স এবং ৪৮ জন বাংলাদেশ রেড ক্রিসেন্ট এবং কেয়ার বাংলাদেশ স্বেচ্ছাসেবীর মাধ্যমে টিকাদান কার্যক্রম পরিচালনা বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>গ) ২টি টিকাদান কেন্দ্রে ১২টি বুথ নির্মাণ, টিকা গ্রহীতাদের টিকা প্রদানের পূর্বে ও পরে বসার জন্য প্রয়োজনীয় প্যান্ডেল নির্মাণ, ১০০০টি প্লাস্টিকের চেয়ার, ২টি টেবিল, ১০০০০০ লিটার পানির বোতল প্রয়োজনীয় সংখ্যক বিশুদ্ধ পানির ফিলটার, ১২টি নন কন্টাক্ট ডিজিটাল থার্মোমিটার, ১৪টি মাল্টি প্লাগসহ স্ট্যান্ড ফ্যান সরবরাহ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>ঘ) সুরক্ষা ওয়েব পোর্টাল এর মাধ্যমে সকল আঞ্চলিক কার্যালয় ও কোভিড-১৯ টিকাদান কেন্দ্রে রেজিষ্ট্রেশন কাজে সহায়তা করার জন্য ১৬ জন দক্ষ আইসিটি পার্সোনালসহ প্রয়োজনীয় ল্যাপটপ, স্কেনার, প্রিন্টার, কাগজপত্রাদিসহ অন্যান্য লজিষ্টিকস সিটি কর্পোরেশন হতে সরবরাহ সিদ্ধান্ত গৃহিত হয়।<br>ঙ) সর্বমোট ৪৪ জন নার্স, ৮৮ জন স্বেচ্ছাসেবী এবং ১৬ জন আইসিটি পার্সোনালদের প্রয়োজনীয় প্রশিক্ষণ স্বাস্থ্য অধিদপ্তর, আইসিটি মন্ত্রণালয়, বিশ্ব স্বাস্থ্য সংস্থা, জেলা স্বাস্থ্য বিভাগ এর সাথে সমন্বয় করে গাজীপুর সিটি কর্পোরেশনের স্বাস্থ্য বিভাগের তত্ত্বাবধানে পরিচালনা এবং সকল স্বেচ্ছাসেবী ও আইসিটি পার্সোনালদের মাসিক সম্মানী ভাতা সিটি কর্পোরেশন কর্তৃক প্রদানের সর্ব-সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | স্বাস্থ্য বিভাগ |

## বিবিধ-০৪ঃ. ইপিআই কার্যক্রম বিষয়ক আলোচনা:

| ক্র:নং | জোন নং | মাসের নাম | বিসিজি | পেন্টা | | | MR (২৫ জানুয়ারী-৩১জানুয়ায়ী) | | টিডি |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ১ম ডোজ | ২য় ডোজ | ৩য় ডোজ | ১ম ডোজ | ২য় ডোজ | |
| ০১. | ০১ | জানুযারী/২১ | ৮৫৪ জন | ৯০২ জন | ৯৩২ জন | ৯১৬ জন | ১৫৩ জন | ১৮৫ জন | ৩৫১৭ জন |
| ০২. | ০৪ | জানুয়ারী/২১ | ১৬২৯ জন | ১৬৫২ জন | ১৬৭৪ জন | ১৬৫৬ জন | ৪৮৯ জন | ৪৮১ জন | ৭১৮৬ জন |
| | | | ২৪৮৩ জন | ২৫৫৪ জন | ২৬০৬ জন | ২৫৭২ জন | ৬৪২ জন | ৬৬৬ জন | ১০৭০৩ জন |

## বিবিধ-০৫ঃ নগর মাতৃসদন হাসপাতাল স্বাস্থ্য সেবা সম্পর্কিত আলোচনা:

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী শাখা/বিভাগ</th></tr>
<tr><td>গাজীপুর সিটি কর্পোরেশনের স্বাস্থ্য কর্মকর্তা জনাব ডা: মোহাম্মদ রহমত উল্লাহ সভাকে জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশনের আওতাধীন আরবান প্রাইমারী হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারী প্রজেক্ট ২য় পর্যায় এর মাধ্যমে ২টি নগর মাতৃসদন কেন্দ্র এবং ৪টি নগর স্বাস্থ্য কেন্দ্রের মাধ্যমে জানুয়ারী/২০২১ মাসের প্রদত্ত সেবাসমূহ এর সংখ্যা ও ধরণ :
<table>
<tr><th>মোট রোগী</th><th>সিজারিয়ান সেকশন</th><th>স্বাভাবিক প্রসব</th><th>অন্যান্য সেবা</th><th>বিনামূল্যে সেবা</th></tr>
<tr><td>১১১৪৩ জন</td><td>৫৮ টি</td><td>৫৩ টি</td><td>১১০৩২ জন</td><td>১২০৩ জন</td></tr>
</table>
</td><td>সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে স্বাস্থ্য সেবার মান আরো বৃদ্ধির জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>স্বাস্থ্য বিভাগ</td></tr>
</table>

## বিবিধঃ ০৬ঃ মশক নিধন এবং মশক নিধনের সরঞ্জাম ক্রয় সংক্রান্ত বিষয়ে আলোচনাঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা সভাকে জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশনের ৫৭টি ওয়ার্ডের বর্জ্য পরিস্কার রাখা অত্যন্ত কষ্টকর কাজ। সিটি কর্পোরেশন এলাকাটি ব্যাপক হওয়ায় এবং মাঝে মাঝে জলাশয় থাকায় মশার উপদ্রুপ সামনে বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে। বর্তমানে মশা ও মশার লার্ভা নিধন করা জরুরী। ফগিং এর জন্য এডালটিসাইড কেমিক্যাল (সাইপারমেথ্রিন-০১%) ক্রয় করা প্রয়োজন। সিটি কর্পোরেশনের ৫৭টি ওয়ার্ডে ফগিং করার জন্য পর্যাপ্ত পরিমান ফগার মেশিন নেই। ফগার মেশিন সাধারনত কাধেঁ নিয়ে ফগিং করা লাগে। এতো ব্যাপক এলাকায় কাধেঁ নিয়ে ফগিং করা অসম্ভব। বিধায় ০২টি ভেহিক্যাল মাউন্টেড ফগার মেশিন ও ২টি ভেহিক্যাল ক্রয় করা প্রয়োজন। | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গুলো সর্ব সম্মতিক্রমে গৃহিত হয়ঃ-<br>০১.<br>ক) হ্যান্ড স্প্রে মেশিন- ১৪০টি (চায়না/ইন্ডিয়া)।<br>খ) ভেহিক্যাল মাউন্টেড ফগার মেশিন-০২টি (জার্মানী/কোরিয়া)<br>গ) ভেহিক্যাল উপর টার্নটেবিল ফিটিং-০২টি (লোকাল)।<br>ঘ) পোর্টেবল ফগার মেশিন-১০০টি (জার্মান/কোরিয়া)<br>ঙ) মিনি ট্রাক ৭৫০ কেজি -০২টি (চায়না/ইন্ডিয়া)<br>০২. মশার ঔষধ এডালটিসাইট (সাইপারমেথ্রিন-০১%) = ৬০০ ক্যান X ৫ লিঃ =৩০০০ লিঃ (সিঙ্গাপুর/চীন)<br>উক্ত সরঞ্জামাদি DPM পদ্ধতিতে ক্রয়ের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ |

**বিবিধঃ ০৭ঃ হাট-বাজার, মহাল, গণশৌচাগার, খেয়াঘাট ইজারা সংক্রান্ত বিষয়ে আলোচনাঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| গাজীপুর সিটি কর্পোরেশনের সম্পত্তি কর্মকর্তা জনাব মোঃ নূরুজ্জামান মৃধা সভাকে জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশনের আওতাধীন হাট-বাজার, মহাল, গণশৌচাগার, খেয়াঘাটসমূহ ১৪২৮ বাংলা সনের জন্য টেন্ডারের মাধ্যমে ইজারা দেয়া প্রয়োজন। তালিকা নিম্নরূপঃ-<br>১. টঙ্গী বাজার তরিতরকারী পান সুপারী ও ফল-মূল ও রকমারী মহাল (আংশিক)।<br>২. টঙ্গী বাজার কাপড় মহাল।<br>৩. টঙ্গী বাজার শুটকী মহাল ও সাপ্তাহিক মুরগী বাজার।<br>৪. টঙ্গী বাজার ছাগল মহাল।<br>৫. এরশাদনগর ১নং ব্লক বাজার।<br>৬. টঙ্গী বাজার চামড়া মহাল (আংশিক)।<br>৭. পূবাইল বাজার।<br>৮. মিরের বাজার।<br>৯. গাছা বাজার।<br>১০. মালেকের বাড়ী বাজার (আংশিক)।<br>১১. বোর্ড বাজার (আংশিক)।<br>১২. পূবাইল রেল ষ্টেশনের পার্শ্বে কাঁচা বাজার।<br>১৩. মাছ বাজার (জয়দেবপুর)।<br>১৪. গরুর বাজার (জয়দেবপুর)<br>১৫. তরকারী বাজার, জয়দেবপুর (আংশিক)।<br>১৬. হাঁস ও মুরগীর বাজার (জয়দেবপুর)<br>১৭. শিমুলতলী বাজার ও বিআইডিসি বাজার (জয়দেবপুর)।<br>১৮. কড্ডা বাজার (বাসন) কড্ডা খেয়াঘাট সহ।<br>১৯. সালনা বাজার (কাউলতিয়া)<br>২০. পোড়াবাড়ী বাজার (কাউলতিয়া)<br>২১. মাষ্টার বাড়ী বাজার (কাউলতিয়া)।<br>২২. কারখানা বাজার।<br>২৩. ভীম বাজার।<br>২৪. কাশিমপুর বাজার (কাশিমপুর)।<br>২৫. জিরানী বাজার (কাশিমপুর)<br>২৬. কোনাবাড়ী বাজার (কোনাবাড়ী)<br>২৭. নাওজোড় ছোবহান সরকারের বাড়ীর সামনে কাঁচা বাজার, শুকনা বাজার, মাছ, মাংস, মুরগী ইত্যাদি।<br>২৮. টঙ্গী অঞ্চলের কসাইখানা।<br>**গণশৌচারের নাম**<br>১. টঙ্গী থানার পার্শ্বে পাবলিক টয়লেট।<br>২. গণশৌচাগার, (শ্রম কল্যাণ কেন্দ্রের পার্শ্বে)।<br>৩. মনু মিলগেট সংলগ্ন পাবলিক টয়লেট।<br>৪. সাবেক বটতলা গণশৌচাগার (জয়দেবপুর)।<br>৫. জয়দেবপুর মধ্য বাজার গণশৌচাগার (জয়দেবপুর)<br>৬. বাস টার্মিনাল গণশৌচাগার (জয়দেবপুর)।<br>৭. পশ্চিম জয়দেবপুর পানির টাংকি সংলগ্ন গণশৌচাগার।<br>**খেয়া পাড়াপাড়ের নাম**<br>১. ভাদাম তালতলা হইতে দৌড় (আশুলিয়া সংযোগ সড়ক) খেয়া পাড়াপাড়<br>২. জরুন হতে কালাকৈর খেয়া পাড়াপাড়। | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে গাজীপুর সিটি কর্পোরেশনের উল্লেখিত তালিকা অনুযায়ী ১৪২৮ বাংলা সনের জন্য হাট-বাজার, মহাল, গণশৌচাগার, খেয়াঘাট ইজারা দেয়ার জন্য বিজ্ঞপ্তি প্রকাশের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | সম্পত্তি বিভাগ |

বিবিধঃ ০৮ঃ বেগম ফজিলাতুন্নেছা মুজিব বিশেষায়িত হাসপাতালের পাশের ডোবা পরিস্কার পরিচ্ছন্নতা সংক্রান্ত আলোচনাঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা জনাব এস,এম, সোহরাব হোসেন সভাকে জানান যে, বেগম ফজিলাতুন্নেছা মুজিব বিশেষায়িত হাসপাতালের পাশের ডোবা প্রায় ২০ একর জমিতে (১) কচুরীপানা অপসারণ (২) পাড়ের নেপিয়ার ঘাস পরিস্কার (৩) গত দেড় বৎসরের জমে থাকা ঝোপঝাড় ও আগাছা পরিস্কার (৪) মশার ঔষধ ছিটানো (৫) হসপিটালের ভিতরে এবং চারপাশে গাছের ডালপালা কর্তন (৬) কচুরিপানা অপসারণ কালে শ্রমিকের হাতে ব্যবহারের জন্য কেরোসিন এবং স্কাইভিউল ক্রয় করা প্রয়োজন। উল্লেখিত কাজগুলো বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সংখ্যক শ্রমিক দৈনিক হাজিরা ভিত্তিতে নিয়োগ করে উহার বিল পরিশোধের জন্য ৮,০০,০০০/-(আট লক্ষ) টাকা প্রয়োজন হবে। | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে বেগম ফজিলাতুন্নেছা মুজিব বিশেষায়িত হাসপাতালের পাশের ডোবা (২০ একর জমি) পরিস্কার করণের জন্য প্রয়োজনীয় সংখ্যক শ্রমিক দৈনিক হাজিরা ভিত্তিতে নিয়োগ করে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা গাজীপুর সিটি কর্পোরেশন। |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনান্তে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/২/২২

মোহাম্মদ জাহাঙ্গীর আলম
মেয়র
গাজীপুর সিটি কর্পোরেশন।

স্মারক নং-৪৬.১৯.০০০০.০০৪.১৯.০০১.২০-৫৫৫/১ (১৪)

তারিখঃ ২৪/০২/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ;

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পলস্নী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৩. প্রধান রাজস্ব কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৪. প্রধান সম্পত্তি কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৫. প্রধান সমাজকল্যাণ কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৬. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৭. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৮. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৯. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
১০. নির্বাহী প্রকৌশলী (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
১১. মেয়র মহোদয়ের একান্ত সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন,গাজীপুর (মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. প্রধান নির্বাহী কর্মকর্তা-এর ব্যক্তিগত সহকারী, গাজীপুর সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা-এর অবগতির জন্য)।
১৩. জনাব ..........................................................................
১৪. অফিস কপি।

২৪/২/২২

প্রধান নির্বাহী কর্মকর্তা
গাজীপুর সিটি কর্পোরেশন।